# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

**বার্ষিক পরীক্ষা-২০২০**

**শ্রেণি : চতুর্থ**

**বিষয় : বাংলা**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ১০০**

**প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ১ ও ২ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।**

আসলে সেই সময়টা ছিল এমনই। মেয়েদের না ছিল লেখাপড়ার অধিকার, না ছিল বাইরে কোথাও, বেরোবার স্বাধীনতা। সামাজিক বিধিনিষেধের কারণে মেয়েরা লেখাপড়া করতে পারত না। মেয়েদের বিয়ে দেওয়া হতো খুব অল্প বয়সে। এভাবেই বড় বোন করিমুন্নেছার চৌদ্দ বছর বয়সে এবং রোকেয়ার বিয়ে হলো ষোলো বছর বয়সে। স্বামী সৈয়দ সাখাওয়াত হোসেন সরকারি চাকুরে। এবার স্বামীর নামানুসারে তাঁর নাম হলো রোকেয়া সাখাওয়াত হোসেন। বিয়ের পর স্বামীর সঙ্গে শ্বশুড়বাড়ি যাওয়ার পালা। স্বামীর বাড়ি ভাগলপুর পৌঁছে দেখবেন বাড়িতে সবাই উর্দুতে কথা বলেন। রোকেয়াও উর্দুতে কথা বলতে শুরু করলেন। কিন্তু বাংলা ভাষায় কথা না বললে কি মনের সাধ মেটে? বাংলা ভাষাতে তিনি একদিনের জন্যও ভুলে থাকতে পারে নি।

**১। নিচের শব্দগুলোর অর্থ লিখ : (যেকোন ৫টি)** **১ × ৫ = ৫**

অধিকার, বিধি-নিষেধ, চাকুরে, স্বাধীনতা, সাধ, পালা, মেটে।

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখ :** **২ + ৪ + ৪ = ১০**

ক) রোকেয়ার সময় কাদের লেখাপড়ার সুযোগ ছিল না ?

খ) মেয়েদের লেখাপড়ার ক্ষেত্রে সবচেয়ে বেশি বাধা আসত কোথা থেকে?

গ) রোকেয়ার বিয়ে হয় কত বছর বয়সে ?

**প্রদত্ত অনুচ্ছেদ পড়ে ৩ ও ৪ ক্রমিক পর্যন্ত প্রশ্নের উত্তর লিখ।**

ছেলেটির জন্ম ১৯২০ সালে বর্তমান গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে। বাড়ির বড় ছেলে হিসেবে সবার বিশেষ আদরের ছিলেন তিনি। তাই তাঁর ডাক দেওয়া হয়েছিল খোকা। সাত বছর বয়সে তিনি ভর্তি হন গিমাডাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ে। পরে পিতার কর্মস্থল গোপালগঞ্জ মিশনারি স্কুল থেকে ম্যাট্রিক পাস করেন। দেখতে তিনি ছিলেন ছিপছিপে গড়নের। কিন্তু তাঁর ছিল অদম্য প্রাণশক্তি। নদীতে খালে-বিলে ঝাপ দিয়ে সাঁতরিয়ে সবাইকে মাতিয়ে তুলতেন। স্কুলের ফুটবল দলেও তাঁর স্থান ছিল পাকা। ছোটবেলা থেকেই তাঁর মধ্যে বঞ্চিতদের জন্য ভালোবাসার প্রকাশ দেখা যায়। স্কুলের দরিদ্র পরিবারের ছেলেদের প্রায়ই বাড়িতে ডেকে এনে খাইয়ে দিতেন তিনি। বিদ্যালয়ের উপরে ক্লাসে এসে তাঁর প্রতিবাদী চেতনার পরিচয়ও মেলে। একবার অবিভক্ত বাংলার প্রধানমন্ত্রী শের-ই বাংলা এ.কে. ফজলুল হক ও মন্ত্রী হোসেন সোহরাওয়ার্দী গোপালগঞ্জ মিশনারি স্কুল পরিদর্শনে আসেন। সবার হয়ে স্কুলের দাবি দাওয়ার কথা তুলে ধরেন তিনি। তাঁর জোরালো বক্তব্য সমস্যা নিরসনে সাহায্য করে।

**৩। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে বাক্যগুলোর শূণ্যস্থান পূরণ কর :** **১ × ৫ = ৫**

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| ছিপছিপে | পাতলা ও লম্বা |
| অদম্য | যাকে দমন করা যায় না। |
| ডাকনাম | যে নামে ডাকা হয়। |
| জোরালো | প্রবল। |
| বঞ্চিত | ন্যায্য অধিকার পায় নি যে। |
| নিরসন | দূর করা, দূর হওয়া। |

ক) ১৯৭১ সালে বাঙালি ............. হয়ে উঠেছিল।

খ) এ ব্যাপারে আমি ............. আপত্তি জানিয়েছি।

গ) শামীমের শরীর ............... গড়নের।

ঘ) দরিদ্র ছেলেরা শিক্ষার সুযোগ থেকে ............ হয়।

ঙ) সমস্যাটি দ্রুত ............... প্রয়োজন।

**৪। অনুচ্ছেদ পড়ে প্রশ্ন গুলোর উত্তর লেখ :** **৫ × ৩ = ১৫**

ক) ছোট বেলায় বঙ্গবন্ধু কেমন প্রকৃতির ছিলেন ?

খ) ছেলেবেলায় গরিবের প্রতি বঙ্গবন্ধুর ভালোবাসার পরিচয় দাও।

গ) বঙ্গবন্ধুর প্রতিবাদী চেতনার পরিচয় কখন ও কীভাবে পাওয়া যায় ?

**৫। ক্রিয়াপদের চলিত রুপ লিখ : (যেকোনো ৫টি)** **৫**

হইয়া, হইল, করিবে, বাঁধিয়া, পাতিয়া, করিয়া, ঝরিতেছে।

**৬। অনুচ্ছেদটি পড়ে প্রশ্ন তৈরি কর: (কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন) প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৫টি)** **৫**

দুই রাজা, বড় রাজা ও ছোট রাজা। দুজনে একদিন দিগ্‌বিজয় করতে চললেন। বড় রাজা চললেন বড় হাতি ঘোড়া কামান বন্দকু সাজিয়ে। মস্ত জয় ঢাক পিটিয়ে বড় বড় সেনাপতির সঙ্গে, বড় বড় রাজ্য জয় করতে করতে। এদিকে ছোট রাজা চললেন সাধারণ মানুষদের সাজে। ছোট ছোট কামান বন্দুক হাতি ঘোড়া নিয়ে ছোট একটি পুঁটলি বেঁধে। ছোট রাজ্য জয় করতে। মস্ত বড় এই পৃথিবী বড় রাজা ক্রমে ক্রমে তা জয় করে ফেললেন। এমন সময় চর এলো, খবর দিলো। মহারাজ শুনে এলাম, ছোট রাজা ছোট রাজ্য নিয়ে সুখে রয়েছেন। বড় রাজা বললেন, "তাকে গিয়ে বলো, আমি এই পৃথিবীটা জয় করে নিয়েছি। সে রাজ্য ছেড়ে অন্যত্র যাক।"

**৭। নিচের যুক্তবর্ণগুলো বিভাজন করে দেখাও এবং যুক্তবর্ণ দিয়ে শব্দ গঠন ও বাক্য প্রয়োগ কর : (যেকোনো ৫টি)** **২ × ৫ = ১০**

ত্ত, ঞ্চ, ঙ্গ, স্ক, ন্ধ, ত্র, স্ত্র।

**৮। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লিখ :** **৫**

প্রায় ছয় সাত বছর আগে পৃথিবীতে লোকজন লিখতেও জানত না পড়তেও জানত না জানবে কী করে তখন তো বর্ণ বা অক্ষর কিছুই ছিল না

**৯। এক কথায় প্রকাশ কর : (যেকোনো ৫টি)** **৫**

প্রবল স্রোত বিশিষ্ট, আকাশে যে উড়ে বেড়ায়, যার আকার নেই, জনমানব শূন্য, ভিন দেশি, উপকার করেন যিনি, এক যুগের পর আরেক যুগ।

**১০। নিচের শব্দগুলোর সমার্থক শব্দ লিখ (যেকোনো ৫টি) :** **৫**

হইচই, তারপর, জন্ম, বাধ্য, নিয়ম, আনন্দ, জীবন।

**১১। পাঠ্যবইয়ের কবিতা পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখ :** **২ + ৫ + ৩ = ১০**

খাবার খেতে আসি যখন দিদি বলে ডাকি তখন
ও-ঘর থেকে কেন মা আর দিদি আসে নাকো,
আমি ডাকি,-তুমি কেন চুপটি করে থাকো?
বল মা, দিদি কোথায় গেছে, আসবে আবার কবে?
কাল যে আমার নতুন ঘরে পুতুল বিয়ে হবে !
দিদির মতন ফাঁকি দিয়ে আমিও যদি লুকোই গিয়ে-

ক) কবিতাংশটুকু কোন কবিতার অংশ? কবিতাটির করিব নাম কী ?
খ) ছোট বোনটি কার কাছ থেকে এবং কেন দিদির কথা জানতে চায় ?
গ) প্রদত্ত কবিতাংশের মূলভাব লিখ।

**১২। মনেকর, তোমার নাম নদী/পলাশ। তুমি ঢাকা আদর্শ প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্রী/ছাত্র। তুমি তোমার বিদ্যালয়ের পাঠাগারের সদস্য হতে চাও। সদস্য হওয়ার জন্য একটি আবেদন ফরম পূরণ করো।** **৫**

ঢাকা আদর্শ প্রাথমিক বিদ্যালয়
পাঠাগার সদস্য ফরম

১। শিক্ষার্থীর নাম :........................................................................................
২। মাতার নাম :...........................................................................................
৩। পিতার নাম : .........................................................................................
৪। শ্রেণি : ..................................................................................................
৫। ক্রমিক নং : ...........................................................................................

**১৩। সোমপুর বিহার একটি প্রাচীন ঐতিহাসিক নিদর্শন। এটি পরিদর্শনে গিয়ে ছাত্রছাত্রীরা ক্লান্ত হয়ে পড়েছে। তাই পরবর্তী দিন বিদ্যালয়ে ছুটি ঘোষণা করতে তোমার প্রধান শিক্ষকের নিকট একটি আবেদনপত্র লিখ।** **৫**

**১৪। রচনা লিখ : ২০০ শব্দের মধ্যে (যেকোনো ১টি) ঃ** **১০**

ক) স্যার জগদীশ চন্দ্র বসু **[ভূমিকা, জন্ম, শিক্ষা, আবিষ্কার, উপসংহার]**
খ) প্রাণিজগৎ **[ভূমিকা, গণ্ডার, হাতি, উটপাখি, জিরাফ, গরিলা, ঘড়িয়াল বা মেছো কুমির, প্লাটিপাস বা হংসচঞ্চু, উপসংহার]**
গ) স্বাধীনতা দিবস। **[ভূমিকা, স্বাধীনতা ঘোষণা, সঙ্কটময় দিন, স্বাধীনতা দিবসের ইতিবৃত্ত, স্বাধীনতা দিবসের তাৎপর্য, স্বাধীনতা দিবসের কর্মসূচী, উপসংহার]**
ঘ) আমাদের বীরশ্রেষ্ঠ: **[ ভূমিকা, তাঁর জীবন বৃত্তান্ত, মুক্তিযুদ্ধের তাঁর আত্মত্যাগ ও অবদান, উপসংহার]**